

এক বছরে আইস হেফাজতে আটক ছিলো ৫ শতাধিক শিশু!

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদ শুরু হওয়ার পর ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) অন্তত ৫ শতাধিক নবজাতক ৩-এর পৃষ্ঠায় দেখুন

বিগ স্ক্রীনে বিশ্বকাপ ফাইনাল দেখার সুযোগ

সেন্ট্রাল পার্কে ৫০ হাজার দর্শকের জন্য ফ্রি টিকিট লটারি শুরু

বাংলা পত্রিকা রিপোর্ট: ফিফা বিশ্বকাপ ২০২৬-এর ফাইনাল ম্যাচ ঘিরে নিউইয়র্কের সেন্ট্রাল পার্কে দেশের সবচেয়ে বড় ফ্রি ওয়াচ পার্টির আয়োজন করছে গ্লোবাল সিটিজেন। ৫০ হাজার দর্শকের জন্য বিনামূল্যের টিকিট লটারি বৃহস্পতিবার (১১ জুন) থেকে শুরু হয়েছে। নির্বাচিতরা ১৯ জুলাই বিশ্বের সবচেয়ে বড় ফুটবল ম্যাচটি একসঙ্গে উপভোগ করার সুযোগ ৩-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 38 / June 15, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ৩৮ ‖ সোমবার, জুন ১৫, ২০২৬, আষাঢ় ০১, ১৪৩৩ ‖ জিলহজ ২৮, ১৪৪৭

*নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী প্রাইমারী নির্বাচন *যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে এগোচ্ছে কমিউনিটি

৫ বাংলাদেশির প্রতিদ্বন্দ্বিতা : রাজনীতির নতুন মাইলফলক

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে বাংলাদেশি, এশিয়ান এবং অভিবাসী কমিউনিটির অংশগ্রহণ দিন দিন আরও শক্তিশালী হচ্ছে। একসময় শুধুমাত্র ভোটার কিংবা কমিউনিটি সংগঠক হিসেবে পরিচিত অভিবাসীরা এখন সরাসরি নেতৃত্বের আসনে পৌঁছানোর লড়াইয়ে শামিল হচ্ছেন। ২০২৬ সালের নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডেমোক্র্যাটিক প্রাইমারি নির্বাচন সেই পরিবর্তনেরই এক গুরুত্বপূর্ণ মাইলফলক। এই নির্বাচন শুধু কয়েকজন প্রার্থীর রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা নয়; এটি প্রবাসী বাংলাদেশিদের দীর্ঘদিনের স্বপ্ন, অর্জন এবং রাজনৈতিক ক্ষমতায়নের প্রতিফলন। একইসঙ্গে এটি ভবিষ্যৎ প্রজন্মের বাংলাদেশি-আমেরিকানদের জন্য মূলধারার রাজনীতিতে সক্রিয় অংশগ্রহণ ও নেতৃত্বের নতুন দিগন্ত উন্মোচনের বার্তা বহন করছে।

নিউইয়র্কের ২০২৬ সালের স্টেট অ্যাসেম্বলি ডেমোক্র্যাটিক প্রাইমারি নির্বাচন ঘিরে বাংলাদেশি সহ অভিবাসী কমিউনিটিতে তৈরি হয়েছে ব্যাপক উৎসাহ ও আগ্রহ। এবারের নির্বাচনে উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি-আমেরিকান প্রার্থী সরাসরি প্রতিদ্বন্দ্বিতায় অংশ নেওয়ায় বিষয়টি বিশেষ গুরুত্ব পেয়েছে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এটি শুধু বাংলাদেশি কমিউনিটির জন্য নয়, বরং সমগ্র অভিবাসী ও এশিয়ান-আমেরিকান জনগোষ্ঠীর রাজনৈতিক প্রতিনিধিত্ব বৃদ্ধির ক্ষেত্রেও একটি তাৎপর্যপূর্ণ অগ্রগতি।



নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী পদে প্রতিদ্বন্দ্বীতাকারী বাংলাদেশি-আমেরিকান মেরী জোবাইদা, শামসুল হক, সিপিএ জাকির চৌধুরী, মোহাম্মদ জে মোল্লা সানি ও পিয়া রহমান।

এবারের নির্বাচনে স্টেট অ্যাসেম্বলি সদস্য পদে পাঁচজন বাংলাদেশি-আমেরিকান প্রার্থী ডেমোক্র্যাটিক প্রাইমারিতে অংশ নিয়েছেন। তাঁরা হলেন ডিস্ট্রিক্ট-৩৬ থেকে মেরী জোবাইদা, ডিস্ট্রিক্ট-৩০ থেকে শামসুল হক, ডিস্ট্রিক্ট-৮৭ থেকে সিপিএ জাকির চৌধুরী, ডিস্ট্রিক্ট-৩২ থেকে মোহাম্মদ জে মোল্লা সানি ও ডিস্ট্রিক্ট-৩৭ থেকে পিয়া রহমান। তাঁদের মধ্যে দুইজন প্রগতিশীল নারী প্রার্থী মেরী জোবাইদা ও পিয়া রহমানের অংশগ্রহণ বিশেষভাবে তাৎপর্যপূর্ণ অগ্রগতি হিসেবে দেখা হচ্ছে।

প্রার্থীরা নিজ নিজ ডিস্ট্রিক্টে ২-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্র-ইরান চুক্তি সম্পন্ন : হরমুজ প্রণালী নৌ অবরোধ প্রত্যাহার

দাবি প্রেসিডেন্ট ট্রাম্পের



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সামরিক সংঘাতের অবসান ঘটাতে একটি গুরুত্বপূর্ণ চুক্তি সম্পন্ন হয়েছে বলে ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একই সঙ্গে তিনি হরমুজ প্রণালী থেকে যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ তুলে নেওয়ার অনুমোদন দিয়েছেন। আগামী ১৯ জুন সুইজারল্যান্ডে চুক্তি স্বাক্ষরের কথা রয়েছে।

সিবিএস নিউজ জানায়, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে দীর্ঘদিনের উত্তেজনা কমাতে একটি ঐতিহাসিক সমঝোতা সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। তাদের দাবি, এই চুক্তির মাধ্যমে উভয় পক্ষ সব ফ্রন্টে সামরিক অভিযান ১৬-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে এনবিএ চ্যাম্পিয়নশিপ উদযাপনে সমর্থকদের সহিংসতা

স্কুল বাসে আগুনসহ ব্যাপক গাড়ি ভাঙচুর : আহত ১০ পুলিশ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে নিক্সের এনবিএ চ্যাম্পিয়নশিপ উদযাপন ঘিরে রাতভর উৎসব সহিংসতায় রূপ নেয়। উদযাপনকারীর মধ্য থেকে একাধিক স্কুল বাসে আগুন দেওয়া হয়, একজন কিশোর গুলিবিদ্ধ হয় এবং এই ঘটনায় অন্তত ১০ জন পুলিশ সদস্যও আহত হয়েছেন। অর্ধ শতাধিক মানুষকে গ্রেপ্তার করে পুলিশ। রবিবার (১৪ জুন) মধ্যরাতের দিকে নিউ ইয়র্ক ৫-এর পৃষ্ঠায় দেখুন

ব্রুকলিনে ডে-কেয়ারের ২৮ লাখ ডলার আত্মসাৎ

আদালতে দোষ স্বীকার সাবেক পরিচালকের

বাংলা পত্রিকা রিপোর্ট: ব্রুকলিনের একটি ডে-কেয়ার সেন্টারের তহবিল থেকে প্রায় ২৮ লাখ ডলার আত্মসাতের অভিযোগে এক সাবেক পরিচালক দোষ স্বীকার করেছেন। কর্তৃপক্ষ জানিয়েছে, কয়েক বছর ধরে শিশুদের টিউশন ফি নিজের ব্যক্তিগত হিসাবে স্থানান্তর করে তিনি এই অর্থ হাতিয়ে নেন।

২.৭৫ মিলিয়ন ডলারেরও বেশি অর্থ আত্মসাতের অভিযোগে ৪৩ বছর বয়সী মুরিয়েল মিকজাক বৃহস্পতিবার আদালতে ওয়্যার ফ্রডের অভিযোগে দোষ স্বীকার করেছেন।

আদালতের নথি অনুযায়ী, মিকজাক ডে-কেয়ার কেন্দ্রটির পরিচালক হিসেবে কর্মরত ছিলেন এবং প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব পরিচালনার অনুমতি ছিল তার কাছে। ২০২২ সালের জানুয়ারি থেকে ২০২৫ সালের অক্টোবর ৫-এর পৃষ্ঠায় দেখুন

মেডিকেইডে 'কর্মঘণ্টার' শর্ত কার্যকর আগামী ১ জানুয়ারি

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে নিম্ন আয়ের মানুষের সরকারি স্বাস্থ্যবিমা কর্মসূচি মেডিকেইডে ২০২৭ সালের ১ জানুয়ারি থেকে নির্দিষ্ট সুবিধাভোগীদের প্রতি মাসে অন্তত ৮০ ঘণ্টা কাজ বা অনুমোদিত অন্য কার্যক্রমে অংশ নেওয়ার প্রমাণ দিতে হবে। নতুন চূড়ান্ত বিধিমালায় কারা এই নিয়মের আওতায় পড়বেন, কারা অব্যাহতি পাবেন এবং কীভাবে যোগ্যতা প্রমাণ করতে হবে সেসব বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়েছে।



সেন্টার্স ফর মেডিকেইড অ্যান্ড মেডিকেয়ার সার্ভিসেস জানিয়েছে, নতুন নিয়মে প্রায় ১ কোটি ৮৫ লাখ মানুষ প্রভাবিত হতে পারেন। তবে এই বাধ্যবাধকতা সবার জন্য নয়। শিশু, গর্ভবতী নারী, সামাজিক নিরাপত্তা সুবিধাপ্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তি এবং চিকিৎসাগতভাবে কাজ করতে অক্ষম হিসেবে বিবেচিত ব্যক্তিরা এই নিয়ম থেকে অব্যাহতি পাবেন।

ট্রাম্প প্রশাসন মেডিকেইড কর্মসূচিতে ওয়ার্ক রিকোয়ারমেন্ট বা কর্মঘণ্টা বাধ্যবাধকতা বাস্তবায়নের চূড়ান্ত বিধিমালা প্রকাশ করেছে। গত বছর পাস হওয়া "ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট"-এর আওতায় এই নিয়ম কার্যকর হবে। এর ফলে ২০২৭ সালের ১ জানুয়ারি থেকে অধিকাংশ অঙ্গরাজ্যে মেডিকেইড এক্সপ্যানশন কর্মসূচির আওতাভুক্ত অনেক সুবিধাভোগীকে প্রতি মাসে অন্তত ৮০ ঘণ্টা কাজ, চাকরির প্রশিক্ষণ, পড়াশোনা, স্বেচ্ছাসেবা বা অনুমোদিত অন্য কোনো কার্যক্রমে অংশ নেওয়ার ৩-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮

Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন



- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

পিপি মতিন চৌধুরীর সাথে প্রবাসী মৌলভীবাজারবাসীর মতবিনিময়

শেষ পৃষ্ঠার পর

মোহাম্মদ আব্দুল মতিন চৌধুরীর সাথে মতবিনিয় করেছেন প্রবাসী মৌলভীবাজারবাসী। এ উপলক্ষ্যে বুধবার (১০ জুন) সন্ধ্যায় এস্টোরিয়ার একটি রেষ্টুরেন্টের মিলনয়তনে এক সভার আয়োজন করা হয়। মৌলভীবার ডিষ্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইনক'র উপদেষ্টা সালেহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট রাজনীতিক মরল আলী, লীগ অব আমেরিকার সাবেক সভাপতি এমাদ চৌধুরী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র উপদেষ্টা আব্দুর রহমান, কেন্দ্রীয় যুবদলের সহ সভাপতি আবু সাঈদ আহমদ, রাজনগর উপজেলা উন্নয়ন পরিষদের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ফজল খান ও বিশিষ্ট রাজনীতিক নূরে আলম জিকু ।

মৌলভীবার ডিষ্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র সহ সভাপতি জাবেদ উদ্দিন ও সহ সাধারণ সম্পাদক এমদাদ রহমান তরফদারের যৌথ সঞ্চালনায় সভার শুরুতে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। এরপর সভায় মৌলভীবাজারবাসীদের মধ্যে বক্তব্য রাখেন এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি সহ সভাপতি কয়েস আহমেদ, সাংগঠনিক সম্পাদক মইনুল হক চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শাহান খান, মোহাম্মদ ফারুক হোসেন, আবদুল খালেক, মোহাম্মদ হোসেন আহমেদ, বশির উদ্দিন, পারভেজ হোসেন ডলার, মোহাম্মদ মাহমুদুল হাসেম, মোহাম্মদ রফিক, শামসুল আলম, মোহাম্মদ জুলহাস শেকিল, একে ইসমাইল, আফতাব উদ্দিন, খন্দকার আব্দুল আজিজ, সৈয়দ এম উদ্দিন জুনেল, মোহাম্মদ নজরুল মিয়া, আলি আহমেদ সনি, আবুল আলম, আবুল মুহিত মুক্তা প্রমুখ। অনুষ্ঠানে বিশেষ দোয়া মুনাজাত পরিচারনা করেন শাফি খান।





সভায় বক্তারা মৌলভীবাজার জেলার রাস্তাঘাট সহ বিভিন্ন সমস্যার সমাধানের জন্য ড. মতিন চৌধুরীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, বছরের পর বছর ধরে মৌলভীবাজার জেলা বিভিন্ন দিক থেকে বঞ্চিত। বিএনপি সরকারের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের সাথে আপনার সম্পর্ক ও যোগাযোগ রয়েছে। সেই সম্পর্ক কাজে লাগিয়ে জনগনের সেবায় কাজ করবেন বলে প্রত্যাশা করেন। বক্তারা মৌলভীবাজার জেলার উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও মিথ্যা মামলায় কাউকে যাতে হয়রানী করা না হয় তার দৃষ্টি আকর্ষণ করেন এবং শমশেরনগরে বিমানবন্দ চালু ও পর্যটকদের জন্য ঢাকা টু শ্রীমঙ্গল বিশেষ ট্রেন লাইন চালুর উদ্যোগের জন্য এম নাসের রহমান এমপি'র প্রতি প্রতি কৃতজ্ঞতা জানান।

সভায় প্রধান অতিথির বক্তব্যে ড. মোহাম্মদ আব্দুল মতিন চৌধুরী বলেন, প্রবাসীরাই দেশের অর্থনীতির অন্যতম চালিকা শক্তি। প্রবাসীরা দেশে অর্থ প্রেরণ কনে দেশের উন্নয়নে ভূমিকা রেখে চলেছেন। তিনি মৌলভীবাজার জেলা তথা দেশের উন্নয়নে মরহুম অর্থমন্ত্রী এম সাইফুর রহমানের কথা গভীর শ্রদ্ধায় স্মরণ করে বলেন, মৌলভীবাজার জেলার বেশী উন্নয়ন হয়েছে বিএনপি সরকারের সময়ে। এম সাইফুর রহমানের উত্তরসূরী হিসেবে তার পুত্র বর্তমান এমপি এম নাসের রহমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে উদ্যোগ গ্রহণ করেছেন। ইতিমধ্যেই জেলা হাসপাতালটি ১০০ শয্যায় উন্নীত হয়েছে। আগামী কিছু দিনের মধ্যেই আমরা আরো উন্নয়ন দেখতে পাবো ইনশাল্লাহ।







সেন্ট্রাল পার্কে ৫০ হাজার দর্শকের জন্য

প্রথম পৃষ্ঠার পর

পাবেন। নিউইয়র্ক সিটির সেন্ট্রাল পার্কের ঐতিহাসিক গ্রেট লনে আয়োজন করা হচ্ছে এ ফ্রি ওয়াচ পার্টি।

আয়োজকরা জানিয়েছেন, টিকিটের জন্য নিবন্ধন চলবে ১৬ জুলাই পর্যন্ত। নির্বাচিত দর্শকরা ১৯ জুলাই সেন্ট্রাল পার্কে সরাসরি বড় পর্দায় বিশ্বকাপের ফাইনাল উপভোগ করতে পারবেন। ওয়াচ পার্টিতে প্রায় ৫০ হাজার দর্শকের অংশ নেওয়ার সুযোগ থাকবে। দুপুর ১২টায় প্রবেশদ্বার খুলে দেওয়া হবে। আর বিশ্বকাপের ফাইনাল ম্যাচ শুরু হবে বিকেল ৩টায়।

টিকিটের জন্য আবেদন করতে আগ্রহীদের গ্লোবাল সিটিজেন ওয়েবসাইটে একটি অ্যাকাউন্ট খুলতে হবে। এরপর নির্ধারিত লটারিতে অংশ নিয়ে সংক্ষিপ্তভাবে জানাতে হবে, তারা কোন দেশকে সমর্থন করছেন এবং কেন শিক্ষা তাদের কাছে গুরুত্বপূর্ণ।

শুধু খেলা দেখাই নয়, দিনব্যাপী এই আয়োজনে থাকবে লাইভ বিনোদন, স্থানীয় খাবারের স্টল, সাংস্কৃতিক পরিবেশনা এবং জনপ্রিয় রেডিও ব্যক্তিত্ব Charlamagne Tha God I Elvis Duran-এর উপস্থিতি। এছাড়া বিশ্বকাপের ইতিহাসে প্রথমবারের মতো অনুষ্ঠিতব্য ফিফা বিশ্বকাপ ফাইনাল হাফটাইম শোও বড় পর্দায় সম্প্রচার করা হবে।

নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি বলেন, "বিশ্বকাপের অংশ হতে মানুষের হাজার হাজার ডলার খরচ করা উচিত নয়। তাই ৫০ হাজার মানুষের জন্য বিনামূল্যে এই ওয়াচ পার্টির আয়োজন করা হয়েছে, যাতে বিশ্বকাপের আনন্দ সব নিউইয়র্কবাসী ভাগ করে নিতে পারেন।"

গ্লোবাল সিটিজেনের সহ-প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী হিউ ইভান্স বলেন, "গত ১৪ বছর ধরে সেন্ট্রাল পার্ক আমাদের বড় আয়োজনের কেন্দ্র। এবার বিশ্বের সবচেয়ে বড় ফুটবল ম্যাচ উপলক্ষে ৫০ হাজার মানুষের জন্য সবচেয়ে বড় ফ্রি ওয়াচ পার্টি আয়োজন করতে পেরে আমরা গর্বিত।"

এক বছরে আইস হেফাজতে আটক ছিলো ৫ শতাধিক শিশু!

প্রথম পৃষ্ঠার পর

ও তিন বছরের কম বয়সী শিশুকে আটক করেছে বলে এক অনুসন্ধানী প্রতিবেদনে উঠে এসেছে। শিশুদের দীর্ঘদিন আটক রাখা তাদের শারীরিক ও মানসিক বিকাশে মারাত্মক প্রভাব ফেলছে বলে সতর্ক করেছেন চিকিৎসক ও শিশু অধিকার বিশেষজ্ঞরা।

ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতির অংশ হিসেবে যুক্তরাষ্ট্রে শিশু আটক বৃদ্ধির চিত্র সামনে এসেছে। সংবাদমাধ্যমের এক বিশ্লেষণে দেখা গেছে, ২০২৫ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের মার্চ পর্যন্ত প্রতিদিন গড়ে ২৫ জন তিন বছর বা তার কম বয়সী শিশু আইস হেফাজতে ছিল। আগের এক বছরে এই সংখ্যা ছিল গড়ে তিনজনেরও কম।

এম এস নাও এর প্রতিবেদনে বলা হয়েছে, ট্রাম্প প্রশাসন ক্ষমতায় ফেরার পর থেকে অন্তত ৫০০ নবজাতক ও টডলার (১ থেকে ৩ বছর বয়সী শিশু) আইস-এর হেফাজতে সময় কাটিয়েছে। এদের অনেককেই আদালত নির্ধারিত ২০ দিনের সীমার চেয়েও বেশি সময় আটকে রাখা হয়েছে। শুধু ২০২৫ সালের জানুয়ারি থেকে মার্চের মধ্যে অন্তত ১৭৫ শিশুকে ২০ দিনের বেশি সময় ধরে আটক রাখা হয়।

বিশেষজ্ঞদের মতে, জীবনের প্রথম কয়েক বছর শিশুদের মস্তিষ্কের বিকাশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সময়ে কারাগারসদৃশ পরিবেশে থাকার কারণে তাদের ভাষা, স্মৃতিশক্তি, সামাজিক আচরণ এবং মানসিক স্বাস্থ্যে দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব পড়তে পারে। শিশুস্বাস্থ্য বিশেষজ্ঞ মার্শা ফ্রিফিন বলেন, "শিশুদের জীবনের সবচেয়ে ক্ষতিকর সময়গুলোর একটি হলো এই বয়সে তাদের আটক রাখা।"

এম এস নাও এর প্রতিবেদনে কয়েকটি পরিবারের অভিজ্ঞতাও তুলে ধরা হয়েছে। দুই বছর বয়সী ক্যালেথকে তার বাবার কাছ থেকে আলাদা করে আটক কেন্দ্রে রাখা হলে সে ১২ দিন খাবার খাওয়া বন্ধ করে দেয়। তার মা জানান, চিকিৎসকরা এটিকে বিষণ্নতার লক্ষণ হিসেবে ব্যাখ্যা করেছিলেন।

আরেকটি পরিবার, যারা রাশিয়া থেকে আশ্রয় প্রার্থনা করে যুক্তরাষ্ট্রে এসেছিল, অভিযোগ করেছে যে তাদের এক বছর বয়সী সন্তান আমির দীর্ঘ আটক অবস্থায় কথা বলা প্রায় বন্ধ করে দেয় এবং নিজের মুখে আঘাত করতে শুরু করে। তার বাবা-মায়ের দাবি, আটক কেন্দ্রে শিশুদের জন্য পর্যাপ্ত খেলনা, বই কিংবা উপযুক্ত খাবারের ব্যবস্থা ছিল না।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, অনেক পরিবার তাদের শিশুদের অসুস্থতার সময় যথাযথ চিকিৎসা না পাওয়ার অভিযোগ করেছে। এক বছর বয়সী আমালিয়া নামের একটি শিশুকে শেষ পর্যন্ত গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে নিতে হয়, যেখানে তার কোভিড-১৯, নিউমোনিয়া, ব্রঙ্কাইটিস এবং অন্যান্য শ্বাসতন্ত্রের সংক্রমণ ধরা পড়ে।

মেডিকেইডে 'কর্মঘণ্টার' শর্ত কার্যকর আগামী ১ জানুয়ারি

প্রথম পৃষ্ঠার পর

প্রমাণ দিতে হবে।

প্রশাসনের দাবি, এই পদক্ষেপের মাধ্যমে কর্মক্ষম মানুষকে কর্মসংস্থানে উৎসাহিত করা, সরকারি অর্থের অপচয় ও জালিয়াতি কমানো এবং প্রকৃত প্রয়োজনীয় ব্যক্তিদের জন্য মেডিকেইডের সুবিধা নিশ্চিত করা সম্ভব হবে। সিএমএস প্রশাসক মেহমেত ওজ বলেন, এই কর্মসূচির মাধ্যমে মেডিকেইডে প্রকৃত প্রয়োজন রয়েছে এমন মানুষদের জন্য আরও কার্যকরভাবে সম্পদ ব্যবহার করা যাবে।

নতুন বিধিমালায় বলা হয়েছে, প্রথম দিকে অঙ্গরাজ্যগুলো সরকারি তথ্যভান্ডার ব্যবহার করে সুবিধাভোগীদের কর্মসংস্থান বা যোগ্যতার তথ্য যাচাই করার চেষ্টা করবে। যদি তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাই করা সম্ভব না হয়, তাহলে ২০২৭ সালে অনেক ক্ষেত্রেই সুবিধাভোগীরা নিজেরাই অনলাইনে বা নির্ধারিত পদ্ধতিতে কাজের তথ্য বা অসুস্থতার কারণ স্বঘোষণার মাধ্যমে জানাতে পারবেন। তবে পরবর্তী সময়ে প্রয়োজনে বেতনের স্লিপ, চিকিৎসকের সনদ, মেডিক্যাল রেকর্ড বা অন্যান্য নথি জমা দিতে হতে পারে।

অসুস্থতার কারণে যারা কাজ করতে পারবেন না, তারা ২০২৭ সালে একবার এবং ২০২৮ সালে আরেকবার স্বঘোষণার মাধ্যমে অব্যাহতি চাইতে পারবেন। এরপর অঙ্গরাজ্য চাইলে তাদের কাছ থেকে চিকিৎসা সংক্রান্ত নথি চাওয়া হতে পারে। তবে কে চিকিৎসাগতভাবে কাজের অযোগ্য, সেই সিদ্ধান্ত প্রতিটি অঙ্গরাজ্য নিজস্ব নীতিমালা অনুযায়ী নেবে। ফলে এক রাজ্যে যে ব্যক্তি অব্যাহতি পাবেন, অন্য রাজ্যে একই ব্যক্তি সেই সুবিধা নাও পেতে পারেন।

নতুন নিয়ম অনুযায়ী চাকরির পাশাপাশি কলেজে পড়াশোনা, চাকরির প্রশিক্ষণ, কমিউনিটি স্বেচ্ছাসেবা এবং নির্দিষ্ট ধরনের অবৈতনিক ইন্টার্নশিপও ৮০ ঘণ্টার শর্ত পূরণে গণনা করা হবে।

এদিকে স্বাস্থ্যনীতি বিশেষজ্ঞ ও ভোক্তা অধিকার সংগঠনগুলো আশঙ্কা প্রকাশ করেছে যে, জটিল কাগজপত্র, অনলাইন প্রক্রিয়া এবং তথ্য যাচাইয়ের কারণে অনেক যোগ্য ব্যক্তি প্রশাসনিক জটিলতায় স্বাস্থ্যবিমা হারাতে পারেন। তাদের মতে, বাস্তবে কর্মরত বা যোগ্য অনেক মানুষও শুধু সময়মতো প্রয়োজনীয় তথ্য জমা দিতে না পারার কারণে মেডিকেইড সুবিধা থেকে বঞ্চিত হওয়ার ঝুঁকিতে পড়বেন।

বিশেষজ্ঞরা মেডিকেইড সুবিধাভোগীদের এখন থেকেই নিজেদের ডাকের ঠিকানা ও যোগাযোগের তথ্য হালনাগাদ রাখার পরামর্শ দিয়েছেন। পাশাপাশি অঙ্গরাজ্যের মেডিকেইড অফিস থেকে পাঠানো নোটিশ নিয়মিত খেয়াল রাখতে এবং প্রয়োজনে স্থানীয় অফিসে যোগাযোগ করে নতুন নিয়ম তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে কি না, তা জেনে নেওয়ারও আহ্বান জানিয়েছেন।

নিজেকে এবং আপনার পরিবারকে সুস্থ রাখুন।
কম খরচের বা বিনামূল্যের স্বাস্থ্য বিমার জন্য আজই সাইন আপ করুন।

আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে নথিভুক্তির সহায়তা বিনামূল্যে।





আপনি যোগ্য কিনা তা দেখুন।
আপনার হেলথ কভারেজ সম্পর্কে সর্বাধিক অবহিত সিদ্ধান্তের জন্য একজন NYC স্বাস্থ্য দপ্তর এনরোলমেন্ট কাউন্সেলরের সাথে কথা বলুন।

347-665-0214 নম্বরে ফোন করুন।

nyc.gov/healthcoverage
ভিজিট করুন।

NYC Health
Zohran Kwame Mamdani
Mayor
Alister F. Martin, MD, MPP
Commissioner

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

রাজস্ব আদায়ের কঠিন অঙ্ক

লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজন কাঠামোগত সংস্কার

২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে সরকার ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকা ব্যয়ের বিশাল এক রূপরেখা ঘোষণা করেছে। তবে এই ব্যয়ের সংস্থান করতে গিয়ে ৬ লাখ ৯৫ হাজার কোটি টাকার যে রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, তা দেশের বর্তমান অর্থনৈতিক সক্ষমতা ও সক্ষমতার নিরিখে এক কঠিন অঙ্ক হিসাবেই বিবেচিত হচ্ছে। রোববার যুগান্তরের খবরে প্রকাশ, চলতি অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় এই লক্ষ্যমাত্রা ১৮ শতাংশ বেশি হলেও, বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সিপিডির মতে, আদায়ের প্রকৃত বাস্তবতায় এই প্রবৃদ্ধির হার ৫৪ শতাংশ ছাড়িয়ে যাবে। রাজস্ব আদায়ের এই বিশাল চ্যালেঞ্জ মোকাবিলা করে একটি স্থিতিশীল অর্থনীতি গঠন করাই এখন সরকারের সামনে সবচেয়ে বড় পরীক্ষা।

বর্তমানে দেশের কর-জিডিপি অনুপাত মাত্র ৬.৮ শতাংশ, যা প্রস্তাবিত বাজেটে ৯.২ শতাংশে উন্নীত করার এক উচ্চাভিলাষী লক্ষ্য নেওয়া হয়েছে। অর্থনীতিবিদ এবং সিপিডির বিশ্লেষণে উঠে এসেছে, অতীতের ধারাবাহিকতা ও রাজস্ব প্রশাসনের সক্ষমতার অভাবে এই লক্ষ্য অর্জন অত্যন্ত দুরূহ। চলতি অর্থবছরের প্রথম ৯ মাসে রাজস্ব আদায়ের চিত্র বলছে, লক্ষ্যমাত্রা পূরণ করতে হলে বছরের শেষ তিন মাসেই ২ লাখ ৫৭ হাজার কোটি টাকা আদায় করতে হবে-যা কার্যত অসম্ভব। এমন পরিস্থিতিতে রাজস্ব আদায়ে ব্যর্থ হলে সরকারকে হয় বিশাল ঋণের জালে জড়াতে হবে, নতুবা উন্নয়ন প্রকল্প ও বাজেট বাস্তবায়ন থেকে পিছু হটতে হবে। অবশ্য সরকার এই পাহাড়সম লক্ষ্য অর্জনে ছয়টি কৌশল এবং 'থ্রি আর' (রিকভারি, রেস্টোরেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন) পদ্ধতির কথা ঘোষণা করেছে। প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টার মতে, অনানুষ্ঠানিক অর্থনীতিকে আনুষ্ঠানিক কাঠামোর আওতায় এনে ক্যাশলেস সোসাইটি গঠন করতে পারলে রাজস্ব আদায় স্বাভাবিকভাবেই বৃদ্ধি পাবে।


কর প্রশাসনের পূর্ণাঙ্গ ডিজিটাল রূপান্তর, করনীতি ও প্রশাসন পৃথকীকরণ এবং কর ফাঁকি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার উদ্যোগগুলো অত্যন্ত সময়োপযোগী ও ইতিবাচক। বিশেষ করে ব্যবসা শনাক্তকরণ নম্বর (বিআইএন) বাধ্যতামূলক করার মাধ্যমে কর জাল সম্প্রসারণ এবং ডিজিটাল সেবার ওপর ভ্যাট আরোপের সিদ্ধান্তগুলো রাজস্বের নতুন উৎস তৈরি করবে। তবে শুধু কৌশলের ঘোষণা বা আইনি কড়াকড়ি যথেষ্ট নয়; এর জন্য প্রয়োজন বাস্তবমুখী পদক্ষেপ ও রাজনৈতিক সদিচ্ছা। প্রথমত, কর প্রশাসনের অটোমেশন কেবল কাগজ-কলমে সীমাবদ্ধ না রেখে এর পূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে, যাতে করদাতার হয়রানি কমে এবং স্বচ্ছতা বাড়ে। দ্বিতীয়ত, বিগত সরকারের রেখে যাওয়া কর ফাঁকি ও জালিয়াতির সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে। তৃতীয়ত, বৈদেশিক ঋণের সুদ পরিশোধের যে বিশাল চাপ তৈরি হয়েছে, তা সামলাতে অনুৎপাদনশীল খাতে নতুন ঋণ নেওয়া বন্ধ করতে হবে।

বলা বাহুল্য, একটি ভঙ্গুর অর্থনীতিকে সচল করতে হলে রাজস্ব আদায় বাড়ানোর কোনো বিকল্প নেই। সরকার যদি করের হার না বাড়িয়ে করের আওতা বাড়াতে পারে এবং কর ফাঁকি রোধে প্রশাসনিক দক্ষতা ও সুশাসন নিশ্চিত করতে পারে, তবেই এই কঠিন অঙ্ক মেলানো সম্ভব হবে। অন্যথায়, বিশাল বাজেটের এই স্বপ্নের কাব্য সম্পদের সীমাবদ্ধতায় কেবল কাগুজে দলিলেই বন্দি থেকে যাবে। সরকারের উচিত রাজস্ব আদায়ের সক্ষমতা বৃদ্ধিতে আমলাতান্ত্রিক জটিলতা দূর করে একটি ব্যবসাবান্ধব ও বিনিয়োগনির্ভর কর কাঠামো গড়ে তোলা।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

প্রস্তাবিত বাজেট: বড় সংখ্যা কি বড় পরিবর্তন আনে

এম এম মুসা



অভিজিৎ বন্দ্যোপাধ্যায় ও এস্থার ডাফলো তাঁদের যুগান্তকারী গবেষণায় দেখিয়েছেন যে 'দারিদ্র্য বিমোচনের বড় পরিকল্পনা প্রায়ই ব্যর্থ হয়, যখন তা মাঠের বাস্তবতা থেকে বিচ্ছিন্ন থাকে।' তাঁরা 'পু-ওর ইকোনমিকস' গ্রন্থে দেখিয়েছেন–দরিদ্র মানুষের আচরণগত বাধা, অবকাঠামোগত ঘাটতি এবং প্রাতিষ্ঠানিক দুর্বলতার কারণে কীভাবে সুচিন্তিত নীতিও ব্যর্থ হতে পারে। বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশের ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটকে এই দৃষ্টিতে বিচার করা অত্যন্ত প্রাসঙ্গিক।

৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেটে সামাজিক সুরক্ষা, শিক্ষা ও স্বাস্থ্য খাতে অধিক বরাদ্দ রাখা হয়েছে। কিন্তু প্রশ্ন হলো, এই অর্থ কি সত্যিই দরিদ্র পরিবারগুলোর কাছে পৌঁছাবে? নাকি মধ্যস্তরের আমলাতান্ত্রিক জটিলতায় হারিয়ে যাবে? এ বিশ্লেষণে আমি মূলত তিনটি খাত–সামাজিক সুরক্ষা, শিক্ষা এবং স্বাস্থ্য নিয়ে আলোচনা করব।

ফ্যামিলি কার্ড: প্রতিশ্রুতি ও প্রমাণ

বাজেটের সবচেয়ে আলোচিত কর্মসূচি হলো 'ফ্যামিলি কার্ড'। ৪১ লাখ নারীকে মাসে ২ হাজার ৫০০ টাকা করে দেওয়া হবে। এর জন্য ১৪ হাজার ৫০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। পাঁচ বছরে ১ কোটি ৬১ লাখ পরিবারকে এর আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

অভিজিৎ বন্দ্যোপাধ্যায় ও এস্থার ডাফলোর র‍্যান্ডমাইজড কনট্রোলড ট্রায়াল (আরসিটি) পদ্ধতিতে প্রশ্ন করতে হবে–এই নগদ হস্তান্তর কি সত্যিই কল্যাণ বাড়াবে? বৈশ্বিক প্রমাণ মূলত ইতিবাচক। বিশ্বব্যাংকের বাংলাদেশ-ভিত্তিক গবেষণায় দেখা গেছে, নারীর হাতে নগদ হস্তান্তর পরিবারের পুষ্টি, শিশুশিক্ষা এবং স্বাস্থ্যসেবা গ্রহণে ইতিবাচক প্রভাব ফেলে। মেক্সিকোর 'ওপর্তুনিদাদেস', ব্রাজিলের 'বোলসা ফামিলিয়া' এবং ভারতের 'জনধন' কর্মসূচির অভিজ্ঞতা এই ধারণাটিকে আরও শক্তিশালী ভিত্তি প্রদান করে।

তবে বাস্তবায়নের চ্যালেঞ্জ বিশাল। প্রথমত, সুবিধাভোগী নির্বাচনপ্রক্রিয়া–কারা পাবেন, কারা পাবেন না–এই তালিকা তৈরি করতে স্থানীয় সরকারের সক্ষমতা ও স্বচ্ছতা অপরিহার্য। বাংলাদেশে ঐতিহাসিকভাবে সামাজিক সুরক্ষা কর্মসূচিতে 'লিকেজ' বা তালিকা থেকে প্রকৃত দরিদ্রদের বাদ দিয়ে রাজনৈতিকভাবে সংযুক্তদের অন্তর্ভুক্ত করার সমস্যা রয়েছে। দ্বিতীয়ত, ডিজিটাল পেমেন্ট অবকাঠামো–সরকার ব্যাংক ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে অর্থ পাঠাতে চাইছে, কিন্তু প্রত্যন্ত অঞ্চলে ইন্টারনেট সংযোগ ও এজেন্ট ব্যাংকিং নেটওয়ার্ক এখনো পর্যাপ্ত নয়।

শিক্ষা বিনিয়োগ: পরিমাণ বনাম মান

শিক্ষা খাতে বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ১ লাখ ৩৬ হাজার ৬০৬ কোটি টাকা, যা জিডিপির ২ শতাংশ। এটি ২০২৫-২৬ অর্থবছরের ৮৭ হাজার ২০৬ কোটি টাকার তুলনায় প্রায় ৫৭ শতাংশ বেশি। বরাদ্দ বৃদ্ধি নিঃসন্দেহে ইতিবাচক। কিন্তু শিক্ষায় অর্থ ব্যয় এবং শিক্ষার মান বৃদ্ধি এক বিষয় নয়।

ভারতে পরিচালিত 'প্রথম' কর্মসূচির গবেষণায় দেখা গেছে যে প্রচলিত শ্রেণিকক্ষ শিক্ষায় বিনিয়োগ বৃদ্ধির চেয়ে শিক্ষার্থীর দক্ষতা স্তর অনুযায়ী শিক্ষণ পদ্ধতি পরিবর্তন অনেক বেশি কার্যকর। বাংলাদেশে বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের একটি বড় অংশ পঞ্চম শ্রেণিতেও দ্বিতীয় শ্রেণির বই পড়তে পারে না।

বাজেটে 'ওয়ান টিচার, ওয়ান ট্যাব' কর্মসূচি, মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন এবং এআইভিত্তিক শিক্ষাব্যবস্থার কথা বলা হয়েছে। এগুলো প্রযুক্তির ব্যবহারে উৎসাহব্যঞ্জক। তবে তথ্য-প্রমাণ বলছে, প্রযুক্তি একা শিক্ষার মান বাড়ায় না; দরকার শিক্ষকের দক্ষতা উন্নয়ন এবং শিক্ষণ পদ্ধতির পরিবর্তন। বাজেটে শিক্ষক প্রশিক্ষণ ও মূল্যায়ন কাঠামোর জন্য স্পষ্ট বরাদ্দ ও কর্মসূচি অনুপস্থিত। তবে ষষ্ঠ শ্রেণি থেকে কারিগরি শিক্ষা বাধ্যতামূলক করা এবং তৃতীয় ভাষা শিক্ষার প্রবর্তন–জাপানি, কোরিয়ান, ম্যান্ডারিন, আরবি–একটি দূরদর্শী পদক্ষেপ। বৈশ্বিক শ্রমবাজারের চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ দক্ষতা তৈরির এই উদ্যোগ ডাফলোর 'শ্রমবাজার ও মানব পুঁজি' গবেষণার সঙ্গে সংগতিপূর্ণ।

> ... বাংলাদেশের এই বাজেটের জন্য সবচেয়ে জরুরি হলো প্রতিটি প্রধান কর্মসূচির জন্য স্পষ্ট ফলাফল সূচক নির্ধারণ করা, স্বাধীন মূল্যায়ন পদ্ধতি প্রতিষ্ঠা করা এবং মাঠপর্যায়ের প্রমাণের ভিত্তিতে নীতি পরিমার্জন করা...

স্বাস্থ্য বিনিয়োগ: বাস্তবায়নের জটিলতা

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের জন্য ৬৯ হাজার ৪০৯ কোটি টাকার বরাদ্দ প্রস্তাব করা হয়েছে, যা আগের অর্থবছরের চেয়ে প্রায় দ্বিগুণ। প্রতিটি ইউনিয়নে একটি করে আধুনিক স্বাস্থ্যসেবা ইউনিট এবং ওয়ার্ডে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা, ১ লাখ নতুন স্বাস্থ্যকর্মী নিয়োগ (৮০ শতাংশ নারী) এবং জাতীয় অ্যাম্বুলেন্স পুল গঠন–এগুলো সঠিক পদক্ষেপ।

তবে বাংলাদেশের স্বাস্থ্য খাতের কার্যকারিতার ইতিহাস প্রমাণ করে যে বরাদ্দ বৃদ্ধি মাত্রই পরিষেবার মান বৃদ্ধি নয়। ভারতের গ্রামীণ স্বাস্থ্যসেবায় দেখা গেছে, চিকিৎসক ও নার্সের অনুপস্থিতি, ওষুধের স্বল্পতা এবং দুর্বল তদারকি ব্যবস্থা কীভাবে বিনিয়োগকে নিষ্ফল করে। বাংলাদেশেও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসক ও নার্সের অনুপস্থিতি দীর্ঘকালীন সমস্যা। ওষুধের সংকট তো রয়েছেই।

হামের প্রাদুর্ভাব ও শিশুমৃত্যুর প্রসঙ্গে বাজেট বক্তব্যে অর্থমন্ত্রী স্বীকার করেছেন যে টিকাদান কর্মসূচিতে অবহেলা হয়েছিল এবং প্রথম ১০০ দিনে শতভাগ শিশুকে হাম-রুবেলা টিকা দেওয়া হয়েছে। এই স্বীকৃতি ও দ্রুত পদক্ষেপ সমস্যাটি চিহ্নিত করা ও পরীক্ষিত হস্তক্ষেপ গুরুত্বপূর্ণ।

কৃষক কার্ড ও গ্রামীণ উন্নয়ন

'কৃষক কার্ড' কর্মসূচির মাধ্যমে ৪২.৫ লাখ কৃষককে প্রতিবছর ২ হাজার ৫০০ টাকা নগদ সহায়তা দেওয়ার পরিকল্পনা রয়েছে। এর জন্য বরাদ্দ ১ হাজার ৬২ কোটি ৫০ লাখ টাকা। সর্বোচ্চ ১০ হাজার টাকার কৃষিঋণের সুদ মওকুফও এরই মধ্যে কার্যকর হয়েছে।

অভিজিৎ বন্দ্যোপাধ্যায় ও এস্থার ডাফলোর এক গবেষণায় দেখা গেছে, শুধু নগদ হস্তান্তর নয়, বরং সম্পদ প্রদান (পশু, যন্ত্রপাতি), প্রশিক্ষণ ও মনস্তাত্ত্বিক সহায়তার সমন্বয়ে অতি দরিদ্রদের জীবনে দীর্ঘস্থায়ী ইতিবাচক পরিবর্তন আসে। এ দৃষ্টিকোণ থেকে কৃষক কার্ডের নগদ সহায়তা সীমিত প্রভাব রাখবে যদি না কৃষি বিপণনব্যবস্থা, কোল্ড চেইন অবকাঠামো এবং কৃষি সম্প্রসারণ সেবার উন্নয়নের সঙ্গে ফ্যামিলি কার্ড যুক্ত হয়।

সমালোচনামূলক পর্যালোচনা

অভিজিৎ বন্দ্যোপাধ্যায় ও এস্থার ডাফলোর সবচেয়ে গুরুত্বপূর্ণ শিক্ষা হলো, 'কোনো একক বড় ধারণা কাজ করে না–কাজ করে সুনির্দিষ্ট সমস্যার সুনির্দিষ্ট সমাধান।' বাংলাদেশের ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে প্রতিটি খাতে বরাদ্দ বাড়ানো হয়েছে, কিন্তু বাস্তবায়নের পর্যবেক্ষণ ও মূল্যায়নব্যবস্থা স্পষ্ট নয়। কতটা অর্থ সত্যিকারের সুবিধাভোগীর কাছে পৌঁছাচ্ছে, কতটা মধ্যপথে অপচয় হচ্ছে–এই জবাবদিহির কাঠামো ছাড়া বড় বরাদ্দ বড় সুফল নিশ্চিত করে না।

যে বিষয়গুলো বিশেষভাবে মনোযোগ দাবি করে: প্রথমত, 'ব্লক অ্যালোকেশন' পদ্ধতিতে বড় অঙ্কের অর্থ রাখা হয়েছে অনুমোদিত প্রকল্প ছাড়াই। এতে বাজেট শৃঙ্খলা ভঙ্গের ঝুঁকি রয়েছে। দ্বিতীয়ত, সামাজিক সুরক্ষা কর্মসূচির সংখ্যা ৯৫ থেকে কমিয়ে ৯০ করা হয়েছে–সংহতকরণ ইতিবাচক, কিন্তু আরও কমানো দরকার এবং কার্যকারিতা মূল্যায়ন নিয়মিত করা প্রয়োজন। তৃতীয়ত, শিক্ষা ও স্বাস্থ্য বরাদ্দের একটি বড় অংশ 'ব্লক' হিসেবে রাখা হয়েছে অনুমোদিত প্রকল্প ছাড়া। এটি দ্রুত বরাদ্দ বাড়ানোর প্রয়োজনে করা হলেও সুনির্দিষ্ট কর্মসূচি ছাড়া অর্থ কোথায় যাবে, তা স্পষ্ট নয়।

অভিজিৎ বন্দ্যোপাধ্যায় ও এস্থার ডাফলোর কথায়, 'যা পরিমাপযোগ্য তা-ই উন্নতি করা যায়।' বাংলাদেশের এই বাজেটের জন্য সবচেয়ে জরুরি হলো প্রতিটি প্রধান কর্মসূচির জন্য স্পষ্ট ফলাফল সূচক নির্ধারণ করা, স্বাধীন মূল্যায়ন পদ্ধতি প্রতিষ্ঠা করা এবং মাঠপর্যায়ের প্রমাণের ভিত্তিতে নীতি পরিমার্জন করা। সংখ্যা বড় হলেই ফলাফল বড় হয় না–দরকার সঠিক উপকরণে সঠিক বিনিয়োগ, সঠিক মানুষের কাছে পৌঁছানোর নিশ্চয়তা।

লেখক: উন্নয়নকর্মী ও গবেষক

স্কুল বাসে আগুনসহ ব্যাপক গাড়ি ভাঙচুর : আহত

প্রথম পৃষ্ঠার পর

সিটির পরিস্থিতি অস্থিতিশীল হয়ে ওঠে, যখন নিক্সের শিরোপা জয়ের পর হাজারো সমর্থক রাস্তায় জড়ো হন। যদিও অধিকাংশ মানুষ শান্তিপূর্ণভাবে উদযাপন করছিল, কিছু অংশের আচরণ পরিস্থিতিকে সহিংস করে তোলে।

পুলিশ জানিয়েছে, মোট পাঁচটি স্কুল বাসে আগুন দেওয়া হয় অথবা লাঠি ও আঘাতে ভাঙচুর করা হয়। এসব বাস ম্যানহাটন থেকে মেটলাইফ স্টেডিয়ামে যাত্রী পরিবহনের জন্য ব্যবহৃত হচ্ছিল।

৪২তম স্ট্রিট ও ৮ম অ্যাভিনিউ এলাকার পোর্ট অথরিটি বাস টার্মিনালের কাছে একটি বাসে আগুন জ্বলতে দেখা যায়, যার ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এরই মধ্যে ৪৩তম স্ট্রিট ও ব্রডওয়েতে গুলির ঘটনা ঘটে। সেখানে ১৭ বছর বয়সী এক কিশোর পায়ে গুলিবিদ্ধ হয়। ভিড়ের কারণে অ্যাম্বুলেন্স ঘটনাস্থলে পৌঁছাতে না পারায় তাকে পুলিশই হাসপাতালে নিয়ে যায়।

ঘটনাস্থল থেকে একটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে এবং তিনজন সন্দেহভাজনকে হেফাজতে নেওয়া হয়েছে, তবে এখনো কাউকে আনুষ্ঠানিকভাবে অভিযুক্ত করা হয়নি। এছাড়া রাতভর আরও চারটি ছুরিকাঘাত বা হামলার ঘটনা রিপোর্ট করেছে পুলিশ।

উদযাপনের সময় বহু ব্যক্তিগত গাড়ি ক্ষতিগ্রস্ত হয়, আতশবাজি ছোড়া হয় এবং বিশাল ভিড়ের মধ্যে লোকজন লাইটপোস্ট, ট্রাফিক সিগন্যাল ও ব্যারিকেডিংয়ে উঠে পড়ে। একাধিক স্থানে বড় ধরনের সংঘর্ষও ঘটে। রাস্তা ও অ্যাভিনিউগুলো দীর্ঘ সময় ধরে ভিড়ে অবরুদ্ধ থাকে, যার ফলে যান চলাচল সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যায়।

নিউ ইয়র্ক পুলিশ জানিয়েছে, মোট ৬৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে পুলিশ কর্মকর্তার ওপর হামলা, অবৈধ অস্ত্র রাখা, ভাঙচুর, বিশৃঙ্খলা সৃষ্টি, গ্রেপ্তার প্রতিরোধ এবং সরকারি কাজে বাধা দেওয়ার মতো অভিযোগ আনা হয়েছে। এ ঘটনায় ১০ জন পুলিশ সদস্য আহত হন। এর মধ্যে একজনের মুখে ঘুষি লাগে এবং আরেকজন কাঁচের বোতলের আঘাতে আহত হন।

ব্রুকলিনে ডে-কেয়ারের ২৮ লাখ ডলার

প্রথম পৃষ্ঠার পর

পর্যন্ত সময়ে তিনি শিশুদের টিউশন ফি বাবদ জমা হওয়া অর্থ ডে-কেয়ারের হিসাব থেকে নিজের ব্যক্তিগত অ্যাকাউন্টে স্থানান্তর করেন।

যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জোসেফ নোসেলা এক বিবৃতিতে বলেন, "ডে-কেয়ার কেন্দ্রের ব্যাংক হিসাবের ওপর থাকা তার প্রবেশাধিকারকে কাজে লাগিয়ে অভিযুক্ত লাখ লাখ ডলার আত্মসাৎ করেছেন। এই অর্থ তিনি ব্যক্তিগত খরচ, ভ্রমণ এবং ওয়ার্ল্ড রেসলিং এন্টারটেইনমেন্ট ইভেন্টে অংশ নেওয়ার মতো কাজে ব্যয় করেছেন।"

প্রসিকিউটরদের অভিযোগ, দীর্ঘদিন ধরে চলা এই জালিয়াতি আড়াল করতে মিকজাক ডে-কেয়ারের হিসাবরক্ষণ ব্যবস্থার তথ্য পরিবর্তন ও মুছে ফেলতেন। এর ফলে অর্থ স্থানান্তরের বিষয়টি দীর্ঘ সময় ধরা পড়েনি।

আদালতের নথি অনুসারে, আত্মসাতের মোট পরিমাণ ২.৮ মিলিয়ন ডলারের কাছাকাছি।

দোষ স্বীকার করায় এখন সাজা ঘোষণার অপেক্ষায় রয়েছেন মিকজাক। আইন অনুযায়ী, তার সর্বোচ্চ ২০ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। পাশাপাশি আত্মসাৎ করা ২.৮ মিলিয়ন ডলারেরও বেশি অর্থ ডে-কেয়ার কেন্দ্রকে ফেরত দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারক।

ইমিগ্রেশন কোর্টে বিক্ষোভ মামলায় খালাস

শেষ পৃষ্ঠার পর

কার্যক্রম শেষে বিচারক রায় দেন যে, ল্যান্ডারের বিরুদ্ধে আনা অপরাধমূলক অভিযোগের পক্ষে পর্যাপ্ত প্রমাণ উপস্থাপন করতে পারেনি সরকারপক্ষ। রায় ঘোষণার সময় বিচারক বলেন, "আমি অভিযুক্তকে দোষী নয় বলে ঘোষণা করছি।"

ল্যান্ডার বলেন, "আইনের শাসনের প্রতি আমার বিশ্বাস আরও দৃঢ় হয়েছে। ভুলভাবে অভিযুক্ত হওয়ার পরও আদালতের মাধ্যমে ন্যায়বিচার পাওয়া সম্ভব এটি সত্যিই গুরুত্বপূর্ণ।" তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রে সম্ভাব্য বহিষ্কারের মুখে থাকা অভিবাসীরাও যেন তার মতো মানসম্পন্ন আইনগত সহায়তা ও আদালতে ন্যায্য সুযোগ পান, সেটিই তিনি কামনা করেন।

উল্লেখ্য, ঘটনাটি ২০২৫ সালের ১৮ সেপ্টেম্বরের। সেদিন ল্যান্ডারসহ কয়েকজন নির্বাচিত জনপ্রতিনিধি ম্যানহাটনের ২৬ ফেডারেল প্লাজা ভবনের ভেতরে অভিবাসন সংক্রান্ত বিক্ষোভে অংশ নেন। ভবনটিতে অভিবাসন আদালতসহ এফবিআইয়ের মতো প্রায় ৪০টি ফেডারেল সংস্থার অফিস রয়েছে।

প্রসিকিউটরদের অভিযোগ ছিল, ল্যান্ডার ভবনের ১০ তলায় একটি এলিভেটরের সামনে বসে থেকে ২০ থেকে ২৫ মিনিট ধরে চলাচলে বাধা সৃষ্টি করেছিলেন। তবে বিচারক রিকার্ডো বলেন, ল্যান্ডার ইচ্ছাকৃতভাবে এলিভেটর আটকে রেখেছিলেন এমন প্রমাণ সরকার দেখাতে পারেনি। বিচারক আরও উল্লেখ করেন, বিক্ষোভকারীদের বিভিন্ন সময়ে ফেডারেল কর্মকর্তারা পরস্পরবিরোধী নির্দেশনা দিয়েছিলেন এবং ল্যান্ডার অসহযোগিতা করেছিলেন এমনটিও প্রমাণিত হয়নি।

বিচার চলাকালে ল্যান্ডার নিজের পক্ষে সাক্ষ্য দিয়ে বলেন, তিনি কখনোই এলিভেটর চলাচল ব্যাহত করতে চাননি। গ্রেপ্তারের আগে কেউ তাকে সরে যেতে বলেনি কিংবা তিনি এলিভেটর আটকে রেখেছেন বলেও জানায়নি। বর্তমানে ল্যান্ডার নিউইয়র্কের ডেমোক্র্যাটিক প্রাইমারিতে কংগ্রেস সদস্য ড্যান গোল্ডম্যানের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করছেন। তিনি আগে নিউইয়র্ক সিটির কম্পট্রোলার হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং মেয়র জোহরান মামদানির ঘনিষ্ঠ রাজনৈতিক মিত্র হিসেবে পরিচিত।

এর আগে ২০২৫ সালের জুনেও ম্যানহাটনের একটি অভিবাসন আদালতে এক ব্যক্তিকে আটক করা ঠেকাতে গিয়ে তিনি গ্রেপ্তার হয়েছিলেন। তবে সে ঘটনায় তার বিরুদ্ধে কোনো অভিযোগ আনা হয়নি।





নিউইয়র্কে গৃহহীন মানুষের সংখ্যা বাড়ছে

শেষ পৃষ্ঠার পর 'কোয়ালিশন ফর দ্য হোমলেস'। সংস্থাটির প্রতিবেদনে বলা হয়েছে, ২০২২ থেকে ২০২৫ সালের মধ্যে অভিবাসী নন এমন গৃহহীন বাসিন্দাদের মধ্যে আশ্রয়কেন্দ্রের প্রয়োজন বেড়েছে ১২ হাজারেরও বেশি মানুষের।

প্রতিবেদনে দেখা যায়, বর্তমান সময়ে প্রতি রাতে নিউইয়র্ক সিটির আশ্রয়কেন্দ্রগুলোতে প্রায় এক লাখ মানুষ রাত কাটাচ্ছেন। এছাড়া আরও দুই লাখের বেশি বাসিন্দা অতিরিক্ত ভিড়ের কারণে অন্য পরিবারের সঙ্গে একই বাসায় গাদাগাদি করে বসবাস করছেন। কোয়ালিশন ফর দ্য হোমলেস-এর নির্বাহী পরিচালক ডেভ গিফেন বলেন, নিম্ন আয়ের মানুষের জন্য পর্যাপ্ত আবাসন না থাকায় শহর কার্যত আশ্রয়কেন্দ্র ব্যবস্থাকেই স্বল্প আয়ের আবাসনের বিকল্প হিসেবে ব্যবহার করছে।

প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, গৃহহীন হওয়ার অন্যতম কারণ হচ্ছে অতিরিক্ত ভিড়ের বাসস্থান, বসবাসের অনুপযোগী পরিবেশ, পারিবারিক দ্বন্দ্ব এবং উচ্ছেদ। পরিবারসহ গৃহহীন হওয়া মানুষের মধ্যে প্রায় এক-তৃতীয়াংশের ক্ষেত্রে পারিবারিক সহিংসতা বড় কারণ হিসেবে চিহ্নিত হয়েছে।

এদিকে স্কুলপড়ুয়া শিশুদের আবাসন পরিস্থিতিও অবনতি হয়েছে। গত শিক্ষাবর্ষে প্রায় ৮৯ হাজার শিক্ষার্থী এমন বাসায় বসবাস করেছে যেখানে এক বা একাধিক পরিবারের সঙ্গে একই জায়গা ভাগাভাগি করতে হয়েছে। ২০২১-২২ শিক্ষাবর্ষের তুলনায় এ সংখ্যা ২৯ শতাংশ বেশি।

প্রতিবেদন অনুযায়ী, জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি 'ওয়ান শট ডিলস'-এর অনুমোদনের হারও কমেছে। ২০২২ সালে যেখানে ৩৫ শতাংশ আবেদন অনুমোদন পেয়েছিল, ২০২৫ সালে তা নেমে এসেছে ২৬ শতাংশে। একই সময়ে আবেদন বেড়েছে ৮৫ শতাংশ। তবে আশ্রয়কেন্দ্র থেকে স্থায়ী আবাসনে যাওয়ার ক্ষেত্রেও কিছু অগ্রগতি হয়েছে। ২০২২ থেকে ২০২৫ সালের মধ্যে আশ্রয়কেন্দ্র ছেড়ে স্থায়ী বাসস্থানে যাওয়া মানুষের সংখ্যা ৮২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এর পেছনে সিটি পরিচালিত সিটি এফএইচইপিএস এবং ফেডারেল হাউজিং ভাউচার কর্মসূচির বড় ভূমিকা রয়েছে।

মেয়র জোহরান মামদানির প্রশাসন সম্প্রতি আগামী ১০ বছরে ২ লাখ নতুন সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণের পরিকল্পনা ঘোষণা করেছে। পাশাপাশি গৃহহীন পরিবারগুলোকে দ্রুত আবাসন সুবিধার আওতায় আনার উদ্যোগও নেওয়া হয়েছে।

৫,১০০ ভাড়াটিয়ার বকেয়া ভাড়া

শেষ পৃষ্ঠার পর পোর্টফোলিও নিয়ে ভাড়াটিয়ারা সিদ্ধান্তটিকে বড় বিজয় হিসেবে দেখছেন। দেউলিয়া হয়ে যাওয়া পিনাকল গ্রুপের মালিকানাধীন ৯৩টি ভবনের ৫,১০০-এর বেশি অ্যাপার্টমেন্ট কিনে নেওয়া সামিট প্রপার্টিজ জানিয়েছে, ভাড়াটিয়ারা নিয়মিত বর্তমান ভাড়া পরিশোধ করলে তাদের অতীতের বকেয়া ভাড়া আদায়ের চেষ্টা করা হবে না।

সামিটের মুখপাত্র জর্ডান বারোভিটজ বলেন, "বাসিন্দারা যদি বর্তমান ভাড়া নিয়মিত পরিশোধ করেন, তাহলে আমরা বকেয়া ভাড়ার জন্য তাদের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নেব না।" তিনি জানান, মোট কতজন ভাড়াটিয়া বকেয়া রয়েছেন তা এখনো নির্ধারণ করা হচ্ছে, তবে এর পরিমাণ কয়েক মিলিয়ন ডলার।

ভাড়াটিয়াদের সংগঠন 'ইউনিয়ন অব পিনাকল টেন্যান্টস'-এর নেতারা এই সিদ্ধান্তকে গুরুত্বপূর্ণ সাফল্য হিসেবে উল্লেখ করেছেন। সংগঠনের প্রতিনিধি ভিভিয়ান কুও বলেন, "এটি একটি বড় বিজয়। দীর্ঘদিনের সমস্যার জন্য ভাড়াটিয়ারা সরাসরি আর্থিক স্বস্তি পাচ্ছেন।" ভাড়াটিয়াদের অভিযোগ, বছরের পর বছর ধরে তারা ভবনগুলোতে ছাদের ধস, তাপ ও গরম পানির সংকট, বিদ্যুৎ বিচ্ছিন্নতা এবং অন্যান্য ঝুঁকিপূর্ণ পরিস্থিতির মুখোমুখি হয়েছেন। অনেকেই এসব সমস্যার প্রতিবাদে ভাড়া পরিশোধ বন্ধ করেছিলেন, আবার কেউ আর্থিক সংকটে পড়ে বকেয়ায় পড়েন।

এই ভবনগুলো চলতি বছরের শুরুতে আলোচনায় আসে, যখন মেয়র জোহরান মামদানি পিনাকল গ্রুপের দেউলিয়া সম্পদ বিক্রির প্রক্রিয়ায় সিটির আইনজীবীদের হস্তক্ষেপের নির্দেশ দেন। সে সময় পিনাকলের বিরুদ্ধে সিটির প্রায় ১ কোটি ৩০ লাখ ডলার কর ও জরিমানার বকেয়া ছিল। মার্চ মাসে ৪৫১ মিলিয়ন ডলারে সম্পন্ন হওয়া বিক্রির মাধ্যমে সামিট প্রপার্টিজ ভবনগুলোর মালিকানা গ্রহণ করে। প্রতিষ্ঠানটি আদালতে জানায়, ঋণের পরিমাণ ২৭৫ মিলিয়ন ডলার কমিয়ে দেওয়ায় তারা ভবন পরিচালনা ও সংস্কারে বেশি বিনিয়োগ করতে পারবে।

সামিটের প্রধান নির্বাহী জোহার লেভি প্রতিশ্রুতি দিয়েছেন আগামী পাঁচ বছরে ৩ কোটি ডলার সংস্কার কাজে ব্যয় করবেন। পাশাপাশি ভবনগুলোর প্রায় ৬,৫০০ আবাসন বিধি লঙ্ঘনের অর্ধেক নির্দিষ্ট সময়ের মধ্যে সমাধানের অঙ্গীকারও করেন।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine



সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেষ্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কলভেন্ট এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

www.populardrivingschoolny.com

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



(Operate by JH office)

বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে

OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পুরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৩ জুন, ২০২৬

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

- চলমান

নিউ ইয়র্ক কাউন্টি

নিউ ইয়র্ক শহরের নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪-১২২ এর বিধান অনুসারে, এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিউ ইয়র্ক কাউন্টিতে প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, জুন মাসের ২৩ তারিখ সকাল ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলিতে নিম্নলিখিত পাবলিক অফিসগুলো ব্যালটে প্রদর্শিত হবে:

ডেমোক্র্যাটিক পার্টি

সিটি কাউন্সিলের ৩ নম্বর কাউন্সিল ডিস্ট্রিক্টের সদস্য পদের বিজয়ী নির্ধারণে 'র‍্যাঙ্কড চয়েস ভোটিং' পদ্ধতি ব্যবহার করা হবে।

স্টেট কম্পট্রোলার — সমগ্র শহরে,
 # নির্বাচিত হবে: ১
Thomas P. DiNapoli
Drew Warshaw
Raj Goyle

কংগ্রেস প্রতিনিধি
— ১০ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Dan Goldman
Brad Lander

কংগ্রেস প্রতিনিধি
— ১২ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Nina Schwalbe
Patrick Timmins
Chris Diep
George Conway
Laura Dunn
Micah C. Lasher
Alex Bores
Jack Kennedy Schlossberg

কংগ্রেস প্রতিনিধি
— ১৩ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Oscar J. Romero Jr.
Theo Bruce Chino-Tavarez
Darializa Avila Chevalier
Adriano Espaillat

স্টেট সিনেটর
— ২৭ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Grace Lee
Yuh-Line Niou

স্টেট সিনেটর
— ২৯ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Nicholas Reyes
Jose M. Serrano

স্টেট সিনেটর
— ৩১ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Robert Jackson
Nayma Silver-Matos

সিটি কাউন্সিল সদস্য
— ৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Lindsey Boylan
Leslie Boghosian Murphy
Layla Law-Gisiko
Carl Wilson

অ্যাসেম্বলি সদস্য
— ৩৭ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Samantha Kattan
Pia Rahman
Melissa Orlando

অ্যাসেম্বলি সদস্য
— ৬৫ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Jasmin Sanchez
Illapa Sairitupac
Mariama N. James
Wei-Li Tjong
Lilah Mejia
Jay Jacky Wong

অ্যাসেম্বলি সদস্য
— ৬৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
David Siffert
Benjamin Yee
Furhan Ahmad
Ryder Kessler
Jeannine Kiely
Corinne Arnold

অ্যাসেম্বলি সদস্য
— ৬৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Diana I. Ayala
Edward Gibbs
Tamika Mapp
William Smith

অ্যাসেম্বলি সদস্য
— ৬৯ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Eli Northrup
Stephanie R. Ruskay

অ্যাসেম্বলি সদস্য
— ৭০ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Conrad Blackburn
Jordan J.G. Wright

অ্যাসেম্বলি সদস্য
— ৭১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Al Taylor
Rolando Gomez
Julien Segura

অ্যাসেম্বলি সদস্য
— ৭২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Francesca Castellanos
Manny De Los Santos

অ্যাসেম্বলি সদস্য
— ৭৫ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
aEmily YueXin Miller
Tony Simone

ষ্টেট কমিটির সদস্য
— ৬৫ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ২
গ্রুপ
Fannie Ip (মহিলা)
গ্রুপ
Grauven Olivares (মহিলা)
Morton Minsley (পুরুষ)

ষ্টেট কমিটির সদস্য
— ৬৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ২
গ্রুপ
Saundrea I. Coleman (মহিলা)
গ্রুপ
Rosa G. Diaz (X)
গ্রুপ
Joannie Acevedo (মহিলা)
গ্রুপ
James D. Gray (পুরুষ)
Mildred Maneiro (মহিলা)

গ্রুপ
Stephanie Arroyo (মহিলা)
Lance Blake (পুরুষ)

ষ্টেট কমিটির সদস্য
— ৭১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ২
গ্রুপ
Minerva Roman-Luna (মহিলা)
গ্রুপ
Maria A. Luna (মহিলা)
Nobles Crawford (পুরুষ)

ষ্টেট কমিটির সদস্য
— ৭২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ২
গ্রুপ
Rosendo Mejia Dominguez (পুরুষ)
Dayana Pichardo (মহিলা)
গ্রুপ
Francesca Castellanos (মহিলা)
Vicente Paulino (পুরুষ)
গ্রুপ
Edgar Tavarez (পুরুষ)

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৬৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১৫
গ্রুপ
Erik D. Bottcher
Kathryn Freed
Anthony S. Hoffmann
Jill Goodkind
Melissa M. Carty
Allen N. Roskoff
Dennis Gault
Jonathan L. Geballe
Sheila R. Rule
Samuel Chiera
Linda E. Jacobson
Morton Minsley
Daniel L. Palmisano
Richard Corman
Kathy Slawinski
গ্রুপ
Maria Passanente-Derr
Vanessa Warren
Susan Lee
Alix Fredrika Kucker
Norma Ramirez
Erin Hussein
Mark Fiedler

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৬৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১০
গ্রুপ
Sharon Cotton
Christine Johnson
Stanley Johnson
Luis Torres
Natasha R. Williams
Wanda Yvette Hopkins
Bridgette Ann Scott
Christal D. Williams
গ্রুপ
John Ruiz Miranda
Melissa Mark Viverito
Diana I. Ayala
Elsie Encarnacion
Xavier Santiago
Harry Rodriguez
Nina Saxon
Claudia Perez
Raul Reyes
Keith Lilly
গ্রুপ
Monisha Mapp
Beverly MacFarlane
Patricia Del Pilar
Rosa G. Diaz
Saundrea I. Coleman
Primo Martin
David Cuspert
Peggy A. Morales
Debra Robles

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৭১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১১
গ্রুপ
Theo Bruce Chino-Tavarez
গ্রুপ
Michael S. Hano
Julien Segura
Minerva Roman-Luna
James E. Behr
Orlando Nunez
Joseph M. Morales
Maybelline Evelyn Boyer
Garret D. Sokoloff
Philippe Segura
Heather Zicko
Matthew Robert Miller
গ্রুপ
Earnestine Bell Temple
Maria A. Luna
Johanna Garcia
Rita Miller
Juana H. Luna
Jackie Rowe Adams
Nancy Brown
Anthony R. Viola
Carmen I. Grullon De Rojas
Susan Southwell
Dolores Leito

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৭২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ৮
গ্রুপ
Carmen N. De La Rosa
Manny De Los Santos
Dayana Pichardo
Maria Morillo
Ramon De La Rosa
Brunilda L. Rodriguez
Fernando Mendez
Rosario Capellan
গ্রুপ
Clarissa Paulino
Argentina Cruz
Vicente Paulino
Francesca Castellanos
গ্রুপ
Elizabeth Pepin
Maria Mazara
Jasinta Delacruz
Edwin Rosario
Jennyfer Almanzar
Lyana M. Fernandez
Joanna Katz
Miosotis N. Alba

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি
— ৬৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১৫
গ্রুপ
Richard F. Braun
Jason Gerson
Judith A. Jacobson
Thomas Smoot Jr.
Robert G. Rosenthal
Lois A. Rakoff
Karla Moskowitz
Frances Curtis
Patricia A. Laraia
Jasper Price
Ritu R. Chattree
Michael Levario
Alfred R. Fuente
Megan E. Pascarella
গ্রুপ
Alan Ross
Carmin Gonzalez
Deborah Finston
Shelly Warwick
Raymond W. Cline
Mark Fraiden

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
২৩ জুন, ২০২৬

পদপ্রার্থীদের তালিকা (পরিবর্তন হতে পারে)

সকল দল - নিম্নলিখিত পদ ও পদবিগুলির জন্য মনোনয়ন প্রার্থী

- চলমান

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি
— ৬৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১০
Group
William Bellber-Bentancourt
Wendy Taylor
Rosa M. Rivera
Marcus A. Sanchez Jr.
Lecora Prince-Okeagu
Wendy Chan
Sandra Perez
Edward Davis
Group
Melanie Ruiz
Melinda Velez
Ismael Rodriguez
Kaliris Salas-Ramirez
Juhaib Choudhury
Raymond Santana
Corazon D. Grajales
Mildred Jerrell
Christal Williams
Group
Belia Owens
Joseph Poole
Esther DeVore
Barbara Butler
Lil Ramirez
Evelis Galarza-Serrano
Alex Alvarez Diaz
Krystal Roper

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি
— ৭২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ৮
Group
Maurice A. Edwards
Barbara M. Frazier
Iris Baltazar
Hector Vasquez
Erwin Fernandez
Mariam James
Micaela Lugo
Elizabeth Balaguer
Group
Paloma Lara
Patricia Anderton
Carolyn Murtaugh
Christopher Hazeltine
Edgar Tavarez
Quann D. Boyd
Carole G. Mulligan
Danette Lipten

ব্রনক্স কাউন্টি

নিউ ইয়র্ক শহরের নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪-১২২ এর বিধান অনুসারে, এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে ব্রনক্স কাউন্টিতে প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, জুন মাসের ২৩ তারিখ সকাল ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ডিসট্রিক্টগুলিতে নিম্নলিখিত পাবলিক অফিসগুলো ব্যালটে প্রদর্শিত হবে:

ডেমোক্র্যাটিক পার্টি

স্টেট কম্পট্রোলার — সমগ্র শহরে,
 # নির্বাচিত হবে: ১
Thomas P. DiNapoli
Drew Warshaw
Raj Goyle

কংগ্রেস প্রতিনিধি
— ১৩ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Oscar J. Romero Jr.
Theo Bruce Chino-Tavarez
Darializa Avila Chevalier
Adriano Espaillat

কংগ্রেস প্রতিনিধি
— ১৪ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Alexandria Ocasio-Cortez
Felipe Garcia
Marty Dolan

কংগ্রেস প্রতিনিধি
— ১৫ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Ritchie Torres
Jose Vega
Michael Blake

স্টেট সিনেটর
— ২৯ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Nicholas Reyes
Jose M. Serrano

স্টেট সিনেটর
— ৩১ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Robert Jackson
Nayma Silver-Matos

অ্যাসেম্বলি সদস্য
— ৮১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Jeffrey Dinowitz
Morgan Evers

অ্যাসেম্বলি সদস্য
— ৮২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Jake Kuhl
Felix Ornozusi
Michael R. Benedetto

অ্যাসেম্বলি সদস্য
— ৮৪ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Courtland W. Hankins
Amanda N. Septimo
Hector Feliciano

অ্যাসেম্বলি সদস্য
— ৮৭ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১
Karines Reyes
Zakir Choudhury

স্টেট কমিটির সদস্য
— ৮১ নম্বরঅ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ২
গ্রুপ
Michael Heller (পুরুষ)
Johanna Edmondson (মহিলা)
গ্রুপ
Bereket Ghebremedhin (পুরুষ)
Betsey Knapp (মহিলা)

অ্যাসেম্বলি ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্র্যাটিক লিডারশিপ ডিসট্রিক্ট ৮১,
 # নির্বাচিত হবে: ২
গ্রুপ
Ben Jackson (পুরুষ)
Virginia Krompinger (মহিলা)
গ্রুপ
Abigail Martin (মহিলা)
Izaiah Zeek Barrow (পুরুষ)

অ্যাসেম্বলি ডিসট্রিক্ট নেতা
— ডেমোক্র্যাটিক লিডারশিপ ডিসট্রিক্ট ৮৪,
 # নির্বাচিত হবে: ২
গ্রুপ
Freddy Perez Jr. (পুরুষ)
Amanda N. Septimo (মহিলা)
গ্রুপ
Hector Feliciano (পুরুষ)
Yolanda Garcia (মহিলা)
গ্রুপ
Cecil K. Brooks Jr. (পুরুষ)

বিচারবিভাগীয় সম্মেলনের প্রতিনিধি
— ৮১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ৯
গ্রুপ
Morgan Evers
Aaron Stayman
Karly Rodriguez
Jon Zeftel
Betsey Knapp
Kirsten Peters
Ryan Acquaotta
Lisa Fieldstein
Jacqueline Gold
গ্রুপ
Eric Dinowitz
Teresa Colon
Randi Martos
Helen K. Morik
William F. Weltz
Emily Hausman
Delores Dixon
Daniel Flores
Ellen Feld

বিচারবিভাগীয় সম্মেলনের বিকল্প প্রতিনিধি
— ৮১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ৯
গ্রুপ
Abigail Martin
Izaiah Zeek Barrow
Stephanie Halpin
Miles Harris
Bereket Ghebremedhin
Stephen Friedmann
Graham Ciraulo
Jennifer Bader
Johnathan Wolf
গ্রুপ
Robin Weinstein
Fredda Tourin
Phyllis Roth
